

অথবা অচেনা কোথাও

অন্ধকারেই না হয় ডুবে থাকুক পৃথিবীটা আমার
তোমার আকাশে জলুক অনন্ত নক্ষত্রের আলো
প্রয়োজনে হৃদয়টা জ্বালিয়ে ফোটাবো আগুন।

তোমাকে উষ্ণতা দিতে, প্রিয়তমা, সব দিতে পারি
নিঃশব্দে নিজেকেই বিসর্জন দিতে পারি অনায়াসে।

আপনার মনে একাকী নির্জনে
নিঃশেষে জ্বলে শেষ হতে পারি ধূপের মতো,
গন্ধ শুধু রেখে যাবো অনন্ত কাল তোমারই জন্য।

খুঁটে খুঁটে তুলে আনবো তোমার পথের কাঁটা
যেন নিঃশব্দে হেঁটে যেতে পারো জীবনের পথ,
নখের ডগায় তুলে নেবো অশ্রুর ফোঁটা
যেন অনিন্দ্য হাসিতে ফুটে থাকে দু' ঠোঁট তোমার।

কান্নায় যদি ভার হয়ে আসে কোনদিন চোখ
নিশ্চিত জেনো, তোমার জন্য শূন্য রইল স্কন্ধ আমার
চোখের জলে ভিজিয়ে দিও যতো ইচ্ছা।

শুধু ঠিকানাটা খুঁজে নিয়ো
এখানে ওখানে অথবা অচেনা কোথাও।